উত্তর দিনাজপুর জেলা পরিষদ,

কর্ণজোড়া : রায়গঞ্জ।

স্মারক সংখ্যা : ২৭৬৪/উ.দি.জে.প./দশ/অকশন ফেরীঘাট/২০১২/০০১/১৬-17 a¡¢lM : .21/11/2016

<u>Qab ¢h‘¢ç</u>

এতদ্দ্বারা সর্বসাধারনকে জানানো যায় যে, উত্তর দিনাজপুর জেলা পরিষদের পরিচালনাধীন নিম্নলিখিত ফেরীঘাট উত্তর দিনাজপুর জেলা পরিষদ কার্যালয়ে জেলা পরিষদ কর্তৃপক্ষের উপস্থিতিতে ডিসেম্বর, ২০১৬ থেকে নভেম্বর, ২০১৭ পর্যন্ত ইজারা বিলির জন্য প্রকাশ্য নিলাম ডাক করা হইবে। উক্ত ফেরীঘাট ইজারা লইতে ইচ্ছুক কো-অপারেটিভ সোসাইটি / পার্টনারশীপ ফার্ম (কো-অপারেটিভ সোসাইটি / পার্টনারশীপ ফার্ম বলতে f¢ÔQjh‰ i¢j J i¢j pwúার ম্যানুয়েল -১৯৯১ এর ২৬৬ ধারা অনুযায়ী গঠিত কো-অপারেটিভ সোসাইটি / পার্টনারশীপ ফার্ম বুঝাবে) উল্লিখিত সময়ে ও স্থানে উপস্থিত হইয়া নিজ নিজ ডাক দিবেন।

প্রকাশ থাকে যে, নীলাম ডাকের পূর্বে প্রত্যেক ডাককারীকে উল্লিখিত ফেরি পার্শ্বে বর্ণিত পরিমান অর্থ আমানত বাবদ অগ্রীম জমা রাখিতে হইবে। যারা বায়নার টাকা অগ্রীম জমা করবেন কেবলমাত্র তারাই নিলামে অংশগ্রহন করতে পারিবেন। বায়নার টাকা নগদে বা ড্রাফটে **(in favour of Additional Executive Officer, Uttar Dinajpur Zilla Parishad)** জমা করিতে পারিবেন। সর্ব্বোচ্চ প্রথম, দ্বিতীয়, তৃতীয় ডাককারী ব্যাতিরেকে অন্যান্য ডাককারী দিগকে ঐ আমানতের অর্থ সঙ্গে সঙ্গে ফেরৎ দেওয়া হইবে।

যে সকল ক্ষেত্রে উপযুক্ত কো-অপারেটিভ সোসাইটি / পার্টনার শীপ ফার্ম থাকবে না সেক্ষেত্রে সর্ব সাধারন ডাকে অংশগ্রহন করিতে পারিবেন।

ফেরীঘাট : **(1) খলশী ফেরীঘাট, (২) বাহিন ফেরিঘাট**

নিলামের তারিখ ও সময় : ৩০/১১/২০১৬ বেলা 2.00 O¢VL¡

h¡ue¡l V¡L¡ : Mmn£ - 10,000/- (cn q¡S¡l) V¡L¡ z

ন্যূনতম ডাক : খলশী ফেরীঘাট - 17500/- V¡L¡

<u>: যে সমস্ত নিয়মে / শর্তাবলীতে নিলাম ডাক হইবে তা সংক্ষেপে নিম্নে প্রদত্ত হইল :</u>

১) দরপত্র জেলা পরিষদ অফিস থেকে সংগ্রহ করার শেষ তারিখ ২৯/১১/২০১৬। দরপত্রের মূল্য ২০০/- (cCna) V¡L¡ j¡œz

২) উত্তর দিনাজপুর জেলা পরিষদ পরিচালনাধীন সংশ্লিষ্ট তালিকায় ফেরীঘাট ডিসেম্বর, ২০১৬ থেকে নভেম্বর, ২০১৭ পর্যন্ত বন্দোবস্ত দেওয়া হইবে। ঘাটের জন্য সর্ব্বোচ্য ডাক সেই ঘাটের ঐ সময়ের জন্য খাজনা ধার্য্য হইবে।

৩) ডিসেম্বর, ২০১৬ থেকে নভেম্বর, ২০১৭ পর্যন্ত নীলাম ডাক হইবে এবং ঐ ডাক সর্ব্বোচ্চ ডাককারীকে তাঁর ডাকের সমূহ অর্থ তৎক্ষনাৎ নগদে অত্র অফিসে জমা দিতে হইবে।

৪) প্রথম সর্ব্বোচ্চ ডাককারী যদি তাঁর ডাকের সমূহ অর্থ সঙ্গে সঙ্গে মিটিয়ে দিতে না পারেন, তবে দ্বিতীয় সর্ব্বোচ্চ ডাককারীকে তার ডাকের সমূহ অর্থ মিটিয়ে ইজারা পাওয়ার সুযোগ দেওয়া হবে। যদি তিনি তাl pjq অর্থ সঙ্গে সঙ্গে মিটিয়ে দিতে না পারেন অনুরূপভাবে ৩য় সর্ব্বোচ্চ ডাককারীকে সুযোগ দেওয়া হইবে এবং এই প্রক্রিয়া চলতে থাকবে। তবে যদি পাশাপাশি ডাককারীর মধ্যে খুব বেশী টাকার পার্থক্য থাকে বা প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় সর্ব্বোচ্চ ডাককারী নগদে সম্পূর্ণ ডাক অর্থ মিটিয়ে দিতে অপারগ হন তবে সেক্ষেত্রে জেলা পরিষদ কর্তৃপক্ষ ডাক বাতিল বলে ঘোষনা করিতে পারিবেন। সর্ব্বোচ্চ ডাকের অর্থ তৎক্ষনাৎ জমা না দিলে জমা দেওয়া তার আমানত অর্থ বাজেয়াপ্ত হইবে এবং দ্বিতীয় ও তৃতীয় ডাককারীকে পর্যায়ক্রমে অনুরূপ সুযোগ প্রদান করা হইবে। আমানত অর্থ বাজেয়াপ্ত এর ক্ষেত্রে একই নিয়ম প্রযুক্ত হইবে। অনেক সময় নগদে সমস্ত টাকা এককালীন দেওয়ার ক্ষেত্রে ডাকে অংশগ্রহনকারী ব্যক্তিগন বেশী পরিমান টাকা দূর থেকে নগদে বহন করার অসুবিধা দেখিয়ে সর্ব্বোচ্চ ডাকের কিছু অংশ পরবর্তীকালে পরিশোধ করার জন্য সময় প্রার্থনা করেন। বিশেষ করে

তাদের জন্য জেলা পরিষদের বক্তব্য যে মনে করলে সরকারী ডাকের আনুমানিক অর্থ তারা ব্যঙ্ক ড্রাফট্ (স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, কর্ণজোড়া শাখার উপর অতিরিক্ত নির্বাহী আধিকারিক, উত্তর দিনাজপুর জেলা পরিষদের অনুকূল্যে প্রস্তুত করে) এর মধ্যে সঙ্গে নিয়ে আসতে পারেন এবং বাকী টাকা নগদে দিতে পারেন। কিন্তু সর্ব্বোচ্চ অর্থ তাৎক্ষনিকভাবে মেটানোর ক্ষেত্রে কখনও ওজর আপত্তি মানা যাবে না।

৫)ডাক চলাকালীন সময় প্রয়োজনবোধে কর্তৃপক্ষ সম্ভাব্য টাকা দর্শানোর জন্য বলতে পারিবেন এবং ডাককারী তা দর্শাতে বাধ্য থাকিবেন। যদি টাকা না দর্শাতে পারেন তাহলে তাকে পরবর্তী রাউন্ড থেকে শেষ রাউন্ড পর্যন্ত ডাকে অনুমতি দেওয়া হইবে না।

৬) কোন কারন না দর্শাইয়া যে কোন ডাক গ্রহন বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষের থাকিবে এবং সেক্ষেত্রে জেলা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলিয়া গন্য হইবে।

৭) যে সকল ডাককারী ঘাট ডাক করিবার পরে ঘাট লইতে অস্বীকার করিবেন বা পুরো টাকা দিতে না পারিবেন তাদের অগ্রিম জমা টাকা বাজেয়াপ্ত করা হইবে। কোন প্রকার প্রতারনার জন্য দন্ডবিধি আইনানুসারে দন্ডনীয় হইবেন এবং ঘাট নীলাম হইলে তাহাতে জেলা পরিষদের যে ক্ষতি হইবে তজ্জন্য তিনি দায়ী থাকিবেন।

৮) যদি কোন ডাককারী নিজ নাম গোপন করিয়া কাল্পনিক নামে ডাক করেন অথবা নোটিশের এবং এগ্রিমেন্টের শর্ত অথবা জেলা পরিষদের আদেশাদি পালন না করেন অথবা অন্য কোন প্রকারে জেলা পরিষদকে প্রতারিত করিবার চেষ্টা করিয়াছেন বলিয়া প্রমানিত হয় তবে তিনি আইন অনুসারে দন্ডনীয় হইবেন।

৯) যিনি / যারা ইজারাদার নিযুক্ত হইবেন তিনি / তারা জেলা পরিষদের নির্দিষ্ট এগ্রিমেন্ট সম্পাদন করিয়া দিবেন অন্যথায় ঘাটের দখলি পরোয়ানা দেওয়া যাইবে না এবং যিনি এই পরোয়ানা না লইয়া দখল করিবেন তিনি অনধিকার প্রবেশের জন্য দন্ডনীয় হইবেন।
১০) ফেরীঘাট সমূহের নীলাম ডাক জেলা পরিষদের কর্তৃপক্ষের অনুমোদনের পর দখল দেওয়া হইবে। যদি কোন ফেরীঘাট এর নীলাম ডাক কর্তৃপক্ষের অনুমোদন না পায় তাহা হইলে পুনরায় নীলাম ডাক হইবে ও নীলাম ডাকের আইন মোতাবেক কার্যকর হইবে। ফেরীঘাট ইজারা বিলি জেলা পরিষদের মঞ্জুরী সাপেক্ষে।

১১)পূর্বতন ইজারাদারের টাকা বাকী থাকিলে তিনি ডাকে অংশগ্রহন করতে পারবেন না।

১২) ফেরীঘাট পারাপার করিবার জন্য দক্ষ মাঝি ও দাঁড় সহ উপযুক্ত নৌকা রাখতে হবে, নৌকা মেরামত, ‡el¡fŠ¡jmL hÉhÙ¡ দাঁড়ী, মাঝি প্রভৃতি রাখিবার ব্যয় ও দায়িত্ব ইজারাদারকে নিজ হইতে বহন করিতে হইবে।
১৩) রাত্রিকালীন ফেরী চলাচল করিতে ঘাটের দুইপার্শ্বে আলোর ব্যবস্থা রাখিতে হইবে।

১৪) নৌকাতে ওঠা এবং নামার ব্যবস্থা রাখিতে হইবে।

১৫) যাত্রীদের বসিবার ব্যবস্থা রাখিতে হইবে।
১৬) ঘাটে পানীয় জলের ব্যবস্থা রাখিতে হইবে।

১৭) ইজারাদারকে ফেরীঘাটের আইন ও আইনের সমস্ত নিয়মগুলি বর্তমানে যাহা আছে এবং ভবিষ্যতে যাহা হইবে তাহা পালন করিয়া ঘাটের কাজ চালাইতে হবে।

১৮) মাসুলের হার, শর্তাবলী ও বিস্তৃত নিয়মকানুন জেলা পরিষদ অফিসে জানিতে পারা যাইবে।

19) clfœ J h¡uনার জমাকৃত অর্থসহ সিল করা খামে জেলা পরিষদের টেন্ডার বাক্সে ৩০/১১/২০১৬ তারিখে বেলা ২.০০টার মধ্যে জমা করিতে হইবে।

p¢Qh,
উত্তর দিনাজপুর জেলা পরিষদ।

Øj¡lL pwMÉ¡ :2764/1(১৫) /উ.দি.জে.প./দশ/অকশন ফেরীঘাট/২০১২/০০১/ তারিখ : .২১/ ১১ /২০১৬।

অনুলিপি জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনার্থে প্রেরিত হলো :

১) সভাধিপতি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।
২) জেলা সমাহর্তা, উত্তর দিনাজপুর তথা নির্বাহী আধিকারিক, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।
3) f¢mn pf¡l, Ešl ¢ce¡Sflz
৪) সহকারী সভাধিপতি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।
৫) জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, উত্তর দিনাজুর।
৬) জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, উত্তর দিনাজপুর।
7) jqLj¡ n¡pL, l¡uN", Ešl ¢ce¡Sflz
8) Hg. ¢p. HÉ¡ä ¢p. H. J., Ešl ¢ce¡Sfর জেলা পরিষদ।
৯) জেলা বাস্তুকার, উত্তরদিনাজপুর জেলা পরিষদ।
10) jqLj¡ i¢j J i¢j pwú¡l B¢dL¡¢lL, l¡uN", Ešl ¢ce¡Sflz
১১) নির্বাহী আধিকারিক, রায়গঞ্জ পঞ্চায়েত সমিতি, উত্তর দিনাজপুর।
12) fd¡e, ------------------------- গ্রাম পঞ্চায়েত, উত্তর দিনাজপুর। আপনাকে বিষয়টি প্রচারের জন্য অনুরোধ জানানো হচ্ছে।
১৩) জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, উত্তর দিনাজপুর, আপনাকে বিষয়টি প্রচারের জন্য অনুরোধ জানানো হচ্ছে।
১৪) জেলা পরিষদ নোটিশ বোর্ড।
১৫) জেলা পরিষদের ওয়েব সাইট।

p¢Qh,
উত্তর দিনাজপুর জেলা পরিষদ।